জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
সদর দপ্তর
সদর রোড, জয়পুরহাট
জেনারেল ম্যানেজার এর কার্যালয়
www.pbs.joypurhat.gov.bd
gmjoypurhatpbs@gmail.com

নম্বর: ২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০৩৮.২৪.১২

তারিখ: ২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:
মেসার্স .........................................................।

বিষয়: **ট্রান্সফরমার অয়েল রিফাইন” এর জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)**

# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Goods
## (Request for Quotation Method)

| আর এফ কিউ নং- ২৫/২০২৩-২৪ |
|---|

# জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

**সদর রোড, জয়পুরহাট।**

ÔÔ ট্রান্সফরমার অয়েল রিফাইন” করণ এর ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনপত্র (আরএফকিউ)

প্রশাসন বিভাগ

জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

সদর রোড, জয়পুরহাট

Web: https:\\pbs.joypurhat.gov.bd, E-mail: gmjoypurhatpbs@gmail.com

মোবাইল নং- ০১৭৬৯-৪০০৪৭৯

-----------------------------------

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
সদর রোড, জয়পুরহাট

É ফোন নং-02589915574
*Website : www.pbs.joypurhat.gov.bd*
*E-mail: gmjoypurhatpbs@gmail.com*

---

স্মারক নং-২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০৩৮.২৪.

তারিখঃ- ১৭ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি, ২০২৪ ইং

**ÔÔ ট্রান্সফরমার অয়েল রিফাইন" এর জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)**

প্রতি,

[কোটেশনদাতার নাম ও ঠিকানা লিখুন]

……………………………………………………..

1. **জেনারেল ম্যানেজার,** জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকুলে নিজস্ব তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।
2. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
3. 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল অত্র পবিসের ওয়েব সাইটে https://pbs.joypurhat.gov.bd পাওয়া যাবে।
4. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।
5. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
6. সিলমোহরকৃত খামের মাধ্যমে ০৭-০২-২০২৪ **খ্রিঃ বেলা ১১.৩০ ঘটিকা**-এ বা এর পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তর

অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা দাখিল করতে হবে। কোটেশনের খামে **Ô ট্রান্সফরমার অয়েল রিফাইনকরণ**" এর জন্য কোটেশন এবং ০৭-০২-২০২৪ **খ্রিঃ বেলা ১১.৩৫ ঘটিকা**-এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

7. প্রাপ্ত কোটেশন সমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।
8. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।
9. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম **৬০ (ষাট)** দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।
10. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।
11. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব গারী শুল্ক, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অ ন্তর্ভুক্ত থাকবে।
12. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।
13. `ic‡Îi mv‡\_ nvjbvMv` <u>†U^aW jvB‡mÝ, e¨vsK mj‡fwÝ, AvqKi, ভ্যাট রেজিস্ট্রেশনের সনদপত্রের সত্যায়িত ফটোকপি</u> এবং <u>**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী (BERC) এর অনুমোদন, বাংলাদেশ পেট্রোলিয়াম (BPC) এর সহিত চুক্তি**, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র</u>সহ সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।
14. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।
15. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।
16. রিফাইন আদেশ জারীর তারিখ থেকে **২০ (বিশ)** দিনের মধ্যে পণ্য এবং সং শ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন ক রতে হবে।
17. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তি তে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **০৭ (দিন)** দিনের মধ্যে জারী করতে হবে।
18. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ সাইদুর রহমান)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)
জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
সদর রোড, জয়পুরহাট।
মোবাইল নম্বর: ০১৭৬৯৪০০০৩৪
ই-মেইল: gmjoypurhatpbs@gmail.com

**বিতরণ: (সদয় অবগতি ও কর্যার্থে প্রেরণ করা হল), জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ), পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩। জেলা প্রশাসক, জয়পুরহাট।

০৪। পুলিশ সুপার, জয়পুরহাট।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, সদর/পাচঁবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল উপজেলা, জয়পুরহাট।

০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.........................পবিস ১/২/৩/৪।

০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নওগাঁ।

০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জয়পুরহাট।

০৯। ডিজিএম, (সদর-কারিগরি)/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই জোনাল অফিস, জয়পুরহাট পবিস।

১০। এজিএম, ক্ষেতলাল সাব-জোনাল অফিস, জয়পুরহাট পবিস।

১১। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/মানব সম্পদ/আইটি), জয়পুরহাট পবিস।

১২। ওয়েবসাইটঃ https://pbs.joypurhat.gov.bd

১৩। নোটিশ বোর্ড, জয়পুরহাট পবিস।

১৪। অফিস/মাস্টার কপি/ বিল কপি।

**কোটেশন দাখিল পত্র**

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

**আর এফ কিউ নং- ২৫/২০২৩-২৪**

স্মারক নং-২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০৩৮.২৪. তারিখঃ- ১৭ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি, ২০২৪ ইং

প্রতি
জেনারেল ম্যানেজার
জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **ÔÔ ট্রান্সফরমার অয়েল রিফাইনকরন”** এর জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [অংকে এবং কথায় উল্লেখ করুন] .......................................................

.......................................................................................................................................................

আমার/ আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা পিপিআর-২০০৮ এর অনুচ্ছেদ-১৯ (বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময়এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা [তারিখ লিখুন] ..............................তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

-

-

-

**পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল**

| ক্রঃ নং | আইটেম নম্বর<br>আইটেমের বিবরণ | পরিমাণের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | ট্রান্সফরমার অয়েল রিফাইন: ময়লা ও গাঁদযুক্ত ট্রান্সফরমার অয়েল রিফাইন করণ (প্রতি ড্রাম : ২০৫ লিটার) | টি | ৭০ | | | | জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, সদর রোড, জয়পুরহাট। |
| ০২ | নতুন খালি ড্রাম | টি | ৫৬ | | | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট **মূল্য** (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | অংকে | | |
| | | | | | কথায় | | |
| পণ্য প্রেরণের ঠিকানা | জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি ,সদর রোড, জয়পুরহাট। | | | | | | |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] | | | | | | |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে | | | | | | |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | রিফাইনকৃত তেল সরবরাহ এর দিন হতে ১ বছরের ওয়ারেন্টি | | | | | | |
| | | | | | | | |

আমি/আমাদের দ্বারা এই মূল্য এর তফসিলে [-----] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব ............/.........../.............. (দিন/মাস/বছর) পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: ……......./……../…… (দিন/মাস/বছর) |
| কোটেশনদাতার নাম | |

**টীকা:**

১। কলাম ১, ২, ৩, ৪, ও ৮ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৫, ৬, ও ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বপ্রকারে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | মডেল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | ট্রান্সফরমার অয়েল রিফাইন: ময়লা ও গাঁদযুক্ত ট্রান্সফরমার অয়েল রিফাইন করণ (প্রতি ড্রাম : ২০৫ লিটার) | ট্রান্সফরমার অয়েল এর সকল টেষ্ট এর ফলাফল গ্রহনযোগ্য মানে থাকতে হবে । | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ:....../....../...... (দিন/মাস/বছর) |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ক্রয়কারী এবং কলাম ৪ ও ৫ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম , দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

-
-
-
-
-
-
-
-
-
-

**" ট্রান্সফরমার অয়েল রিফাইন করণ"**

আরএফকিউ নম্বর (২৫/২০২৩-২০২৪)

| স্মারক নং-২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০৩৮.২৪. | তারিখ: ৩১-০১-২০২৪ খ্রিঃ |
|---|---|
| প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| সরবরাহের তারিখ: [সম্পাদনের তারিখ উল্লেখ করুন] | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা<br>[চুক্তি মূল্য উল্লেখ করুন] |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার **[তারিখ উল্লেখ করুন]** তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| (মোঃ সাইদুর রহমান )<br>জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)<br>জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি<br>সদর রোড, জয়পুরহাট। |
| তারিখঃ ৩১-০১-২০২৪ খ্রিঃ |

সংযুক্তি সমূহ: বর্ননা মোতাবেক

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. রিফাইন-আদেশ জারি হওয়ার ২০ (বিশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি রিফাইনযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য,

যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫.খামের উপরে স্পষ্টাক্ষরে " ট্রান্সফরমার অয়েল রিফাইন করনের পুনঃ দরপত্র" কথাটি লিখে জমা দিতে হবে।

৬.`ic‡Îi mv‡\_ nvjbvMv` †UªW jvB‡mÝ, e¨vsK mj‡fwÝ, AvqKi, ভ্যাট রেজিস্ট্রেশনের সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং **বাংলাদেশ এনার্জি রেগুলেটরী (BERC) এর অনুমোদন, বাংলাদেশ পেট্রোলিয়াম (BPC) এর সহিত চুক্তি** , পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র সহ অন্যান্য ডকুমেন্ট জমা প্রদান করতে হবে।

৭. প্রাপ্ত দরপত্র যথাযথভাবে মূল্যায়নের পর সফল দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বর্ণিত পরিমান ট্রান্সফরমার অয়েল সমিতি স্টোর থেকে নিজ ব্যয়ে গ্রহণ করত: রিফাইন কাজ সম্পন্ন করে নিজ ব্যয়ে জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, হানাইল ,বম্বু, জয়পুরহাট পৌছাতে হবে।

৮.সফল দরাদাতা প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রদানের ২০ (বিশ) দিনের মধ্যে " ট্রান্সফরমার অয়েল রিফাইন" করণের পর সমিতির সদর দপ্তর, হানাইল ,বম্বু, জয়পুরহাট-তে নিজ খরচে পৌছাতে হবে ।

৯. দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে এবং কথায় লিখতে হবে। কোনরুপ ঘষামাজা বা কাটাকাটি গ্রহণযোগ্য হবে না ।

১০. রিফাইনকৃত তেলের গুনগত মান কমপক্ষে ০১ (এক) বৎসর গ্রহণযোগ্য পর্যায়ে থাকতে হবে। অন্যথায় নিজ খরচে তেল পুনরায় রিফাইন করে দিতে হবে ।

১১. ৭০টি ড্রামসহ (১৪৩৫০ লিটার) ট্রান্সফরমার অয়েল সমিতির ইস্যু ভাউচারের মাধ্যমে গ্রহণ করতে হবে এবং রিফাইন শেষে ১৪৩৫০ লিটারের ৮০% অর্থাৎ ১১৪৮০ লিটার রিফাইন অয়েল নতুন ৫৬টি ড্রামে করে পবিসে ফেরৎ প্রদান করতে হবে এবং পবিস হতে গ্রহণকৃত ৭০টি ড্রাম ভাল অবস্থায় রিফাইনকারী প্রতিষ্ঠান পবিসে ফেরত প্রদান করতে হবে ।

১২. নির্ধারিত সময়ের মধ্যে '' ট্রান্সফরমার অয়েল রিফাইন'' করণে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশকৃত মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশের ) বেশি হবে না ।

১৩. কাজ শেষ করে অবহিত করার পর রিফাইনকৃত তৈল সমিতির প্রতিনিধি ও বাপবিবোর্ডের প্রতিনিধির উপস্থিতিতে টেস্ট করা হবে । সন্তোষজনক ফলাফল সাপেক্ষে তৈল গ্রহণ করা হবে । টেস্ট এর তারিখ তিন দিন আগে সমিতি ও বাপবিবো কে জানাতে হবে ।

১৪. রিফাইনকৃত ট্রান্সফরমার অয়েলের পরিমান ১১৪৮০ লিটারের কম হলে কম সরবরাহকৃত অয়েলের মূল্য প্রতি লিটার ২৯৯.০০ টাকা হারে দাখিলকৃত বিল হতে কর্তন করা হবে ।

১৫. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৭. চুক্তির অধীন প্রি-ডেলিভারী পরিদর্শন ও পরীক্ষা, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

১৮. পবিস কর্তৃক সরবরাহকৃত নমুনা মোতাবেক সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

২০. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

২২. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

২৩.মোট চুক্তি মূল্য টাকা [অংকে] ..........................[কথায়]...........................................................................

২৫. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

২৭. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।

২৯. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

৩০. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

৩১. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

৩২. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের রিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

৩৩. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

৩৪. শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয় নিস্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

| | |
|---|---|
| (মোঃ সাইদুর রহমান)<br>জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)<br>জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি<br>সদর রোড, জয়পুরহাট। | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখঃ ৩১-০১-২০২৪ খ্রিঃ | তারিখঃ |

**-:সমাপ্ত:-**

আপনার বিশ্বস্ত,

০৪-০২-২০২৪
মোঃ ইউসুফ আলী
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)

**নম্বর:** ২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০৩৮.২৪.১২/১ (৮)

তারিখ: ২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। RFQ Group;
২। সকল পল্লী বিদ্যুৎ সমিতি;
৩। ডিজিএম, (সদর-কারিগরি)/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই জোনাল অফিস, জয়পুরহাট পবিস;
৪। এজিএম, ক্ষেতলাল সাব-জোনাল অফিস, জয়পুরহাট পবিস;
৫। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/মানব সম্পদ/আইটি), জয়পুরহাট পবিস;
৬। ওয়েবসাইটঃ https://pbs.joypurhat.gov.bd;
৭। নোটিশ বোর্ড, জয়পুরহাট পবিস এবং
৮। অফিস/মাস্টার কপি/ বিল কপি।

০৪-০২-২০২৪
মোঃ ইউসুফ আলী
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)